

# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 14 May, 2025

টানা আট দিনের স্কিল ও ফিটনেস অনুশীলন শেষে আজ সকালে দুবাই যাচ্ছে বাংলাদেশ দল। সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে দুই ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলতে আজ সকাল ১০টায় ক্রিকেটার ও কোচদের সবচেয়ে বড় বহরটা রওনা দেবে। বাকিরা যাবেন সন্ধ্যায়। অধিনায়ক লিটন দাস, সৌম্য সরকার ও সিনিয়র সহকারী কোচ মোহাম্মদ সালাহ উদ্দীন যাবেন সন্ধ্যার ফ্লাইটে।

আরব আমিরাত সফরের প্রস্তুতির মধ্যেই বড় একটি সিরিজ নিয়ে চলছে অনিশ্চয়তা। পাকিস্তানের বিপক্ষে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলা হবে কি না, সে বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারেনি বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। ভারত-পাকিস্তান যুদ্ধের ডামাডোলে বন্ধ হয়ে যায় দুই দেশের ক্রিকেটীয় সব কার্যক্রম। তবে যুদ্ধবিরতি পর আবারও শুরু হচ্ছে আইপিএল ও পিএসএল-সেটিও আবার একই দিনে, আগামী ১৭ মে।

পাকিস্তান সুপার লিগ (পিএসএল) শেষ হবে ২৫ মে, আর আইপিএলের ফাইনাল ৩ জুন। এই দুই লিগে অংশ নেওয়া বিদেশি ক্রিকেটারদের হতাশা কাটলেও বাংলাদেশ আছে দোটানায়, পাকিস্তান সফরে যাবে কি না!

বিসিবির একটি সূত্র জানিয়েছে, পাকিস্তান ক্রিকেট বোর্ডকে (পিসিবি) ২৭ মে থেকে ৫ জুন পর্যন্ত পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ আয়োজনের প্রস্তাব দেওয়া হয়েছে। প্রাথমিক সূচি অনুযায়ী প্রথম তিনটি ম্যাচ (২৭, ২৯ মে ও ১ জুন) হবে ফয়সালাবাদে, বাকি দুটি (৩ ও ৫ জুন) লাহোরের গান্ধি স্টেডিয়ামে। পিএসএলের পর পাকিস্তানের নতুন সাদা বলের প্রধান কোচ হিসেবে সাবেক নিউজিল্যান্ড কোচকে দায়িত্ব দেওয়া হয়েছে বলে জানিয়ে পিসিবি সভাপতি মহসিন নাকভি তাঁর এক্স অ্যাকাউন্টে লিখেছেন, ‘পিএসএল শেষে ২৬ মে থেকে তিনি দায়িত্ব নেবেন। ধারণা করা হচ্ছে, তাঁর প্রথম সিরিজ হবে বাংলাদেশের বিপক্ষেই।

বাংলাদেশ দলের গতকাল কোনো দলীয় অনুশীলন না থাকলেও মিরপুর একাডেমি মাঠে সাদা বল হাতে দীর্ঘ রানআপে বোলিং অনুশীলন করতে দেখা গেছে পেসার নাহিদ রানাকে। যুদ্ধ পরিস্থিতির কারণে পিএসএল স্থগিত হওয়ায় পেশোয়ার জালমির হয়ে কোনো ম্যাচ খেলার সুযোগ হয়নি তাঁর। তবে লাহোর কালান্দার্সের হয়ে ৫টি ম্যাচ খেলেছেন লেগ স্পিনার রিশাদ হোসেন। এখন পিএসএল পুনরায় শুরু হওয়ায় তাঁরা পাকিস্তানে যাবেন কি না, সেটিও পরিষ্কার নয়।

বাংলাদেশ দলের ১৭ ও ১৯ মে দুবাইয়ে দুটি টি-টোয়েন্টি খেলে ২০ মে দেশে ফিরে আসার কথা। এই সিরিজের পরই পাকিস্তান সফরের ব্যাপারে সিদ্ধান্ত নিতে চায় বিসিবি। গতকাল রাতে বিসিবির পরিচালক ইফতেখার রহমান মিঠু বলেন, ‘আমরা আজ (গতকাল) পাকিস্তান থেকে সিরিজের ম্যাচসূচি পেয়েছি। এটি সরকারের সংশ্লিষ্ট বিভাগগুলো-যেমন ক্রীড়া মন্ত্রণালয়, ক্রীড়া পরিষদ, স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হবে। পাকিস্তানে দল পাঠানোর সিদ্ধান্ত সরকারের অনুমতির ওপর নির্ভর করছে। এখনো আমাদের হাতে সময় আছে। দল ২০ মে আরব আমিরাত থেকে ফিরবে। তার আগে সরকার সবুজ সংকেত দিলে আমরা সিদ্ধান্ত জানাব।

মিরপুরের জাতীয় সুইমিং কমপ্লেক্সে গত শনিবার সাঁতার ফেডারেশনের এক অনুষ্ঠানে যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া সাংবাদিকদের বলেছেন, 'বর্তমানে যে পরিস্থিতি, এর মধ্যে কোনো প্রকার ঝুঁকি নেওয়া ঠিক হবে না। পাকিস্তান দূতাবাস থেকেও আমাদের নিরাপত্তাঝুঁকির বিষয়টি জানানো হয়েছে। বিসিবি চূড়ান্ত সিদ্ধান্ত জানাবে। পাকিস্তান সফর নিয়ে সিদ্ধান্ত এখন শুধুই বিসিবির ওপরই নয়, তা পুরোপুরি নির্ভর করছে সরকারের ওপর। বিসিবি সূত্র জানায়, সরকারের সবুজ সংকেত না পেলে এই সফর থেকে সরে দাঁড়ানোই হবে তাদের একমাত্র উপায়।

ক্রিকেট আরব আমিরাত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:26

URL: <https://www.timestodaybd.com/sports/2449775807>